গবিসাসের নতুন সভাপতি নিরব, সাধারণ সম্পাদক তাহমিদ



গবিসাস সভাপতি নিরব-সম্পাদক তাহমিদ। ছবি: মোহাম্মদ ওমর

সাভারের গণ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (গবিসাস) তাদের ত্রয়োদশ কার্যনির্বাহী পরিষদ ঘোষণা করেছে। নতুন কমিটিতে সভাপতি হয়েছেন দ্য ডেইলি ক্যাম্পাসের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি মোজাহিদুল নিরব এবং সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন ফেস দ্য পিপলের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি তাহমিদ হাসান।

মঙ্গলবার ৩ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি সভাকক্ষে আয়োজিত দায়িত্ব হস্তান্তর ও বিদায় সংবর্ধনা অনুষ্ঠানে এক বছর মেয়াদি এই কমিটির ঘোষণা দেওয়া হয়।

১০ সদস্যের কমিটিতে যুগ্ম সাধারণ সম্পাদক হয়েছেন মো. মাহিদুজ্জামান সিয়াম (মানবকণ্ঠ), অর্থ সম্পাদক রাজিউল ইসলাম শান্ত (খোলা কাগজ), সাংগঠনিক সম্পাদক মোবিনুল ইসলাম রাসা (বাংলাবাজার পত্রিকা), দপ্তর সম্পাদক সানজিদা খানম ঊর্মি (দৈনিক সকাল), সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক জান্নাতুল ফেরদৌস লামীসা (ঢাকা এক্সপ্রেস) এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক রুবাই ইসলাম চয়ন (দেশ দেশান্তর ২৪)।

এছাড়া কার্যনির্বাহী সদস্য হিসেবে রয়েছেন শরিফুল ইসলাম রিফাত (বাংলাদেশের খবর) ও শামীম রেজা (দৈনিক ফুলকি ও ইনসাইট ঢাকা)।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সদ্য বিদায়ী সভাপতি সানজিদা জান্নাত পিংকি। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মো. সিরাজুল ইসলাম এবং ছাত্র উপদেষ্টা ও কৃষি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ফজলুল করিম।

এতে আরও উপস্থিত ছিলেন গবিসাসের বর্তমান ও সাবেক নেতৃবৃন্দ, প্রক্টরিয়াল বডির সদস্য, বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় প্রধান, শিক্ষক-শিক্ষার্থী, গকসুর প্রতিনিধি ও বিভিন্ন ছাত্রসংগঠনের নেতারা।